

জাতিসংঘ মহাসচিবকে স্মারকলিপি প্রদান

শেখ হাসিনার মুক্তির জন্য জাতিসংঘের জরুরী হস্তক্ষেপ কামনা



সোনার বাংলা রিপোর্টঃ আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার মুক্তির দাবিতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ জাতিসংঘের সামনে আয়োজন করে বিক্ষোভ সমাবেশের। গত বৃহস্পতিবার আয়োজিত উক্ত বিক্ষোভ সমাবেশে শেষে জাতিসংঘ মহাসচিব বান কি মূনের কাছে একটি স্মারকলিপি দেয়া হয়। খবর: নিউজ ওয়ার্ল্ডের আওয়ামী লীগ আয়োজিত বিক্ষোভ সমাবেশে শেখ হাসিনার মুক্তি ও তত্ত্বাবধায়ক সরকারের পদত্যাগ দাবি করে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ফরাসত আলী, ড. সিদ্দিকুর রহমান, ড. মহসীন আলী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদসহ অনেকেই।

বক্তারা অবিলম্বে শেখ হাসিনার মুক্তি দাবি করে এ নিয়ে যে-কোনও ধরনের টালবাহানার দায়ভার তত্ত্বাবধায়ক সরকারকেই বহন করতে হবে বলে সতর্ক করেন।

জাতিসংঘ মহাসচিবের কাছে দেয়া স্মারকলিপিতে শেখ হাসিনাসহ রাজনৈতিক নেতাকর্মীদের ওপর নিপীড়নকে মানবাধিকার বিরোধী ও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে আখ্যায়িত করা হয়। এছাড়া আগামী বছরের জানুয়ারির মধ্যে নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হলে মানবাধিকার ও গণতন্ত্রহরণের অভিযোগে জাতিসংঘ শান্তিমিশন থেকে বাংলাদেশি সৈন্যদের বিরত রাখারও দাবি জানান তারা।

ফ্লোরিডা মেট্রো আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত পৃথক এক সভায় শেখ হাসিনাকে গ্রেফতারের নিন্দা ও অবিলম্বে তার মুক্তি দাবি করা হয়েছে। বৃহস্পতিবার মেট্রো আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ আয়ুব খানের সভাপতিত্বে বয়েটন বিচে এই সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি এম ফজলুর রহমান, নাদিম হুঁইয়া অপু, শেখ ফরিদ ফাতাহ, প্রমুখ। সভায় শেখ হাসিনার জন্য বিদেশি আইনজীবী নিয়োগে ঐক্যবদ্ধ সিদ্ধান্ত নেয়া হয়।